

ঢাকা ওয়াসা

অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬২৬.০৭.০৭০.২২

বিষয়: **Supply of spare transformer & related others for secondary sub station of IRP#1 in SKWP.**

অনুচ্ছেদ: ১.০

ঢাকা ওয়াসার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট (সাকেওপা) গত ০১/০৪/২০১৯ ইং তারিখে হতে পরিচালিত হচ্ছে। গত ০৫/০২/২০২০ ইং তারিখে আলোচ্য প্ল্যান্ট-টি ঢাকা ওয়াসা এর ডেভেলপমেন্ট উইং হতে পরিচালনা ও রক্ষনাবেক্ষনের জন্য পানি ও পয়ঃ শোধনাগার সার্কেলকে হস্তান্তর করা হয়েছে। অত্র প্ল্যান্টে ২টি আয়রন রিমুভাল প্ল্যান্ট (IRP#1 ও IRP#2), ৪১ টি গভীর নলকূপ (DTW) (পরবর্তীতে আরও ৫ টি গভীর নলকূপ চালু হবে) এর স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য অত্যাধুনিক অটোমোটেড SCADA সিস্টেম রয়েছে। সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট এর লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিঃ। অত্র প্ল্যান্টের আওতায় ২টি আইআরপি, ১টি ওজিআর, ১টি বুস্টার পাম্পিং স্টেশন ও ৪১ (৪৫) টি গভীর নলকূপ স্টেশন (DTW) রয়েছে। প্রতিটি DTW পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড SCADA সিস্টেম রয়েছে। সামগ্রিক ব্যবস্থাপনায় বিদ্যুতায়নের জন্য দুই আইআরপি-তে ২টি ৩৩/১১ কেভি ৫এমভিএ রেটিংয়ের মেইন সাব-স্টেশন রয়েছে। যেখানে ১টি করে ২টি ১০০ কেভিএ; ৩৩/০.৪১৫ কেভি রেটিংয়ের স্টেশন ট্রান্সফরমার রয়েছে। যার মাধ্যমে সাব-স্টেশনের কন্ট্রোল রুমের বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। আইআরপি-১ এ প্ল্যান্ট অভ্যন্তরে বিদ্যুতায়নের জন্য ১টি ১.২৫ এমভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের সেকেন্ডারী সাব-স্টেশন রয়েছে। যেখানে ১টি করে ২টি ৬২৫ কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের ডিসট্রিবিউশন ট্রান্সফরমার রয়েছে। যার মাধ্যমে আইআরপি-১ এর মেইন ইলেকট্রিক প্যানেল রুমে বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া, আইআরপি-২ এ প্ল্যান্ট অভ্যন্তরে বিদ্যুতায়নের জন্য ১টি ২০০কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের সেকেন্ডারী সাব-স্টেশন রয়েছে। যেখানে ১টি ২০০কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের ডিসট্রিবিউশন ট্রান্সফরমার রয়েছে। যার মাধ্যমে আইআরপি-২ এর মেইন ইলেকট্রিক প্যানেল রুমে বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। উপরোক্ত ২টি ১০০ কেভিএ; ৩৩/০.৪১৫ কেভি রেটিংয়ের স্টেশন ট্রান্সফরমার, ২টি ১২৫০কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের ডিসট্রিবিউশন ট্রান্সফরমার ও ১টি ২০০কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের ডিসট্রিবিউশন ট্রান্সফরমারসমূহ বিশেষ রেটিংয়ের ট্রান্সফরমার (সংযুক্তি-১ ও ২)। যার কোন মজুত সাকেওপা সাব-স্টোরে নেই। যার ত্রুটি জনিত কারণে প্ল্যান্টের উৎপাদন তাৎক্ষণিকভাবে ব্যাহত হতে পারে। তাই বর্ণিত ৩টি রেটিংয়ের ট্রান্সফরমার সংগ্রহ করে সাকেওপা সাব-স্টোরে মজুত রাখা প্রয়োজন। যা জরুরী প্রয়োজনে অচল ট্রান্সফরমার কে পরিবর্তনের কাজে ব্যবহৃত হবে। উল্লেখ্য যে, ৪০টি গভীর নলকূপ স্টেশনের প্রতিটিতে ১টি করে ১১/০.৪৪ কেভি ১০০ কেভিএ রেটিংয়ের প্যাড মাউন্টেড বৈদ্যুতিক সাব-স্টেশন রয়েছে। যার বিপরীতে ৩টি স্প্যার সংগ্রহ করা হয়েছে। এছাড়া আইআরপি-১ এর বুস্টার পাম্পিং স্টেশনে ন্যাচারাল এয়ার সাপ্লাইয়ের জন্য 1.5KW; 400-415V রেটিংয়ের ৬টি Axial flow fan রয়েছে (সংযুক্তি-১ ও ২)। যার ১টি বর্তমানে অচল থাকায় তা মেরামত করতে দেয়া হয়েছে। উক্ত আইটেমের কোন স্প্যার সাকেওপা সাব-স্টোরে মজুত নেই। তাই বর্ণিত রেটিংয়ের Axial flow fan সংগ্রহ করে সাকেওপা সাব-স্টোরে মজুত রাখা প্রয়োজন। যা জরুরী প্রয়োজনে অচল Axial flow fan কে পরিবর্তনের কাজে ব্যবহৃত হবে। উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে আলোচ্য নথিতে ২য় লট হিসেবে - ১টি ১২৫০কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের ডিসট্রিবিউশন ট্রান্সফরমার এবং 1.5KW; 400-415V রেটিংয়ের ১টি Axial flow fan সংগ্রহ ধরে প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে।




অনুচ্ছেদ: ১.১

আলোচ্য সংগ্রহ কাজের জন্য PWD SoR 2022 For E/M Works (সংযুক্তি-৪) এবং সংগৃহীত কোটেশনের (সংযুক্তি-৫) মধ্যে সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ট. ২৪,৯০,১৩২/- (টাকা চব্বিশ লক্ষ নব্বই হাজার একশত বত্রিশ) মাত্র (সংযুক্তি-৭)। সংগ্রহীতব্য মালামালের টেকনিক্যাল স্পেসিফিকেশন সংযুক্তি-৬ এ উপস্থাপন করা হয়েছে। আলোচ্য কাজটির সম্পাদনের জন্য সাকেওপা-এর সাকেওপা এর ২০২২-২৩ ইং অর্থ বৎসরের অনুমোদিত কর্মপরিকল্পনায় নির্দিষ্টভাবে ধরা না থাকায় এবং কাজটি প্লান্ট অপারেশনের স্বার্থে জরুরী। তাই সাকেওপা এর ২০২২-২৩ ইং অর্থ বৎসরের অনুমোদিত কর্মপরিকল্পনার থোক বরাদ্দ খাত বা ক্রমিক নং-১২৯; প্যাকেজ-E হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তি	
১	এ্যাজবিষ্ট সিঙ্গেল লাইন ডায়গ্রাম।
২	বিদ্যমান ট্রান্সফরমারের তালিকা ও রেটিংয়ের স্থির চিত্র।
৩	সাকেওপা এর ২০২২-২৩ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
৪	M Works এর কপি।
৫	সংগৃহীত কোটেশন।
৬	টেকনিক্যাল স্পেসিফিকেশন।
৭	প্রাক্কলন।


অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ১টি ১২৫০ কেভিএ; ১১/০.৪১৫ কেভি রেটিংয়ের ডিসট্রিবিউশন ট্রান্সফরমার এবং 1.5KW; 400-415V রেটিংয়ের ১টি Axial flow fan সংগ্রহের লক্ষ্যে Supply of spare transformer & related others for secondary sub station of IRP#1 in SKWP কাজের জন্য সর্বমোট ট. ২৪,৯০,১৩২/- (টাকা চব্বিশ লক্ষ নব্বই হাজার একশত বত্রিশ) টাকার প্রাক্কলনটি (সংযুক্তি-৭) অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2008 মোতাবেক OTM এ e-GP প্রক্রিয়ায় সম্পাদনের নিমিত্তে দরপত্র আহ্বানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা 'প্রধান প্রকৌশলী' মহোদয়ের আওতাধীন।

		
১-০১-২০ ২৩ ১১:১১:১৮ মোঃ মাইদুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সভার কার্যাবলি ওয়েবফিল্ড প্রক্ট	১-০১-২০ ২৩ ১১:১৬:৪৬ কাজী বিল্লাল হোসেন সহকারী প্রকৌশলী সভার কার্যাবলি ওয়েবফিল্ড প্রক্ট	১-০১-২০ ২৩ ১১:১৬:৪৬ মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (কেন্দ্রিক-মাসিক) সভার কার্যাবলি ওয়েবফিল্ড প্রক্ট

অনুচ্ছেদ: ১.৩

উপরোক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

		
১-০১-২০ ২৩ ১১:৪২:১১ মাসুদুল আলম	১-০১-২০ ২৩ ১১:৪০:০১ মোঃ ওয়াহিদুল ইসলাম সুরাদ	১-০১-২০ ২৩ ১১:৪০:০১ মোঃ কামরুল হাসান

নথি | অফিস ব্যবস্থাপনা

ঢাকা ওয়াসা

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিড প্র্যান্ট

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ: ১.৪

অনুমোদিত

৯-০১-২০২৩ ৬:৫৮:৩০
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

৯-০১-২০২৩ ১৫:১৮:০২
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিড প্র্যান্ট

অনুচ্ছেদ: ১.৫

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

১০-০১-২০২৩ ১৫:২৬:০২
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিড প্র্যান্ট

১১-০১-২০২৩ ৯:৪৭:২৮
কাজী বিপ্লব হোসেন
সহকারী প্রকৌশলী
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিড প্র্যান্ট

১১-০১-২০২৩ ১০:০৩:১৯
মোঃ মাইদুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
সভার কেরাণীগঞ্জ ওয়েলফিড প্র্যান্ট